

প্রাক-প্রাথমিকে পরীক্ষা নিলেই শান্তি

নিজস্ব প্রতিবেদক

২০ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২০ নভেম্বর ২০১৯ ০০:৪৫



দৈনিক
আমাদের সময়

প্রাক-প্রাথমিক শ্রেণির কার্যক্রম পরিচালনায় কোমলমতি শিক্ষার্থীদের কোনো লিখিত পরীক্ষা নেওয়া যাবে না। এমন নির্দেশনা থাকার পরও কোথাও কোথাও পরীক্ষা নেওয়া হচ্ছে, যা অনাকাঙ্ক্ষিত ও অপ্রত্যাশিত। এ ধরনের পরীক্ষা শিশুদের সামগ্রিক উন্নয়নের অন্তরায়। এ ধরনের পরীক্ষা নেওয়া হলে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ প্রাক-প্রাথমিক শিক্ষক ও সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল মঙ্গলবার প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে এ সংক্রান্ত অফিস আদেশ জারি করা হয়েছে।

